

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৬৬/২০১১/০২৬২

তারিখ : ০৬/০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি(লাল)/পিএফ ১০৭/৩০৭১ তারিখ: ১৮/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, তিনি জনাব মোঃ নজরুল ইসলাম, অধ্যক্ষ কর্মস্থলে বিনা অনুমতিতে প্রতিষ্ঠানে অনুপস্থিতি ছিলেন। তাঁর জবাব পাওয়া গেছে কিন্তু তা সন্তোষজনক নহে।

২। তিনি গত ৩০/০৭/২০১৬ খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অনুষ্ঠিত অধ্যক্ষ সম্মেলনে ও আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে জঙ্গিবাদ বিরোধী প্রোগ্রাম শেষে ৩১/০৭/২০১৬ খ্রিঃ হতে ০১/০৮/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) দিন এবং ০৬/০৮/২০১৬ খ্রিঃ হতে ০৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিন, সর্বমোট ০৬ (ছয়) দিন প্রতিষ্ঠানে বিনা অনুমতিতে অনুপস্থিতি ছিলেন। সূত্রে বর্ণিত স্মারকে তাকে কারণ দর্শানো হয়েছিল কিন্তু তার জবাব সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি।

এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে গণ কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর ৪ নং ও ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রতিদিনের অনুপস্থিতির জন্য একদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ কর্তণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

( মোঃ মিজানুর রহমান )  
যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ নজরুল ইসলাম  
অধ্যক্ষ  
লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ  
লালমনিরহাট।

অনুলিপি :

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।